নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৭.১৭-৩৭২

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৫ / ১৮ জুন ২০১৮

# EVM বিষয়ক বিশেষ পরিপত্র

**বিষয়: গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮ এ ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (EVM) এর মাধ্যমে ভোটগ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন ২০১৮ তারিখে অনুষ্ঠিতব্য গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনে নিম্নোক্ত ভোট কেন্দ্র সমূহে ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (EVM) এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন :

| সিটি কর্পোরেশনের নাম | সাধারণ ওয়ার্ড নম্বর | ভোটকেন্দ্রের নম্বর ও নাম | ভোটকক্ষের সংখ্যা | ভোটার সংখ্যা |
|---|---|---|---|---|
| গাজীপুর সিটি কর্পোরেশন | ২৪ | ১৫৪, চাপুলিয়া মডেল সঃ প্রাঃ বিঃ, চাপুলিয়া | ৬ | ২৪৮০ |
| | ২৪ | ১৫৫, মফিজ খান উচ্চ বিদ্যালয়, চাপুলিয়া | ৭ | ২৫৫২ |
| | ২৬ | ১৭৪, মারিয়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়, (কেন্দ্র-১), পশ্চিম জয়দেবপুর | ৫ | ২৫৬২ |
| | ২৬ | ১৭৫, মারিয়ালী সরকারী প্রাথমিক বিদ্যালয়, (কেন্দ্র-২), পশ্চিম জয়দেবপুর | ৬ | ২৮২৭ |
| | ২৮ | ১৯১, রানী বিলাসমনী বালক উচ্চ বিদ্যালয় (উত্তর পাশের ভবন)-১, জয়দেবপুর | ৪ | ১৯২৭ |
| | ২৮ | ১৯২, রানী বিলাসমনী বালক উচ্চ বিদ্যালয় (উত্তর পাশের ভবন)-২, জয়দেবপুর | ৫ | ২০৭৭ |

উল্লেখিত কেন্দ্রসমূহে ভোটগ্রহণ, প্রশিক্ষণ ও প্রদর্শন (ভোটিং এডুকেশন) এর জন্য প্রয়োজনীয় সংখ্যক ইলেক্ট্রনিক ভোটিং মেশিন (EVM) কাস্টমাইজেশনসহ নির্বাচন উপযোগী করে আইসিটি অনুবিভাগ কর্তৃক যথাসময়ে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণের ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া নির্বাচন কমিশন সচিবালয়ের আইসিটি অনুবিভাগের কর্মকর্তাগণ সরেমজিনে উপস্থিত থেকে EVM এর মাধ্যমে ভোটগ্রহণের জন্য প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবেন।

২। **EVM ব্যবহার পদ্ধতি সম্পর্কে প্রার্থী এবং ভোটারদের মধ্যে ব্যাপক প্রচার :** EVM ব্যবহার যেহেতু একটি কারিগরী বিষয় এবং নতুন ধারণা, তাই এর ব্যবহার, কার্যকারিতা এবং সফলতা সম্পর্কে সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী তাদের নির্বাচনী এজেন্ট, পোলিং এজেন্ট এবং ভোটারদের মধ্যে প্রচারের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে প্রথমেই সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নিয়ে বৈঠক ও EVM এর মাধ্যমে ভোটগ্রহণ পদ্ধতি প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। ভোটারগণ কর্তৃক অতি সহজ পদ্ধতিতে EVM এর সাহায্যে ভোটদানের সুবিধার্থে একটি ছোট আকারের নির্দেশিকা/লিফলেট (ছবি ও সংক্ষিপ্ত বর্ণনাসহ) প্রেরণ করা হবে। উক্ত নির্দেশিকা/লিফলেট সংশ্লিষ্ট ভোটারদের মাঝে বিভিন্ন জনসমাগম স্থলে বিতরণসহ আরো বিভিন্ন পন্থায় পৌছানোর ব্যবস্থা করতে হবে। ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার ও সহকারী প্রিজাইডিং অফিসারদের সুবিধার্থে EVM ব্যবহার পদ্ধতি বিষয়ক একটি নির্দেশিকার প্রয়োজনীয় সংখ্যক কপি প্রেরণেরও ব্যবস্থা করা হয়েছে।

৩। **EVM ব্যবহারের মাধ্যমে ভোটপ্রদান পদ্ধতি সরেজমিনে প্রদর্শন (ভোটার এডুকেশন): EVM** এ ভোট গ্রহণের জন্য নির্ধারিত ভোটকেন্দ্রের নিকটবর্তী সুবিধাজনক কোন স্থানসহ ঐ ভোটকেন্দ্রের আওতাধীন অন্যান্য জনবহুল বিভিন্ন স্থানে প্রতিদিন ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানের পদ্ধতি প্রদর্শন (ভোটিং এডুকেশন) এর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। এ জন্য ১৯-২৪ জুন, ২০১৮ তারিখ পর্যন্ত নির্বাচন কমিশনের প্রশিক্ষিত কর্মকর্তাগণ সার্বক্ষণিকভাবে সংশ্লিষ্ট

ভোটকেন্দ্রের আওতাধীন এলাকায় নিয়োজিত থেকে ইভিএম এর মাধ্যমে সরেজমিনে ভোটপ্রদান পদ্ধতি প্রদর্শনের মাধ্যমে ভোটারদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

৪। **EVM-এর মাধ্যমে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের ভোটারদের নিয়ে মক ভোটিং অনুষ্ঠানঃ** নির্বাচিত ভোটকেন্দ্রে ২৫ জুন ২০১৮ তারিখ বাস্তবিক ভোট কেন্দ্রের আদলে কেন্দ্র প্রস্তুত করে সংশ্লিষ্ট কেন্দ্রের সকল ভোটারকে ব্যাপক প্রচারের মাধ্যমে আমন্ত্রন জানিয়ে মক ভোটিং এর ব্যবস্থা করতে হবে, যাতে ভোটারগণ তাদের ভোটাধিকার কিভাবে ইভিএম এর মাধ্যমে প্রদান করতে হয় তার বাস্তব জ্ঞান লাভ করতে পারে। এতে কিভাবে স্বয়ংক্রিয়ভাবে মেশিন হতে প্রদত্ত ভোটের পরিমাণ জানা যাবে, কিভাবে ভোটগ্রহণ শেষ হওয়ার পর দ্রুত ফলাফল জানা যাবে, কিভাবে তাদের প্রদত্ত ভোট সুরক্ষিত ও গোপনীয় থাকবে সে সম্পর্কে সম্যক জ্ঞান লাভ করতে পারবেন। মক ভোটিং এর কার্যক্রম নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের সহায়তায় পরিচালনা করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। মক ভোটিং এ সংশ্লিষ্ট সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী, তাদের নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্ট বা প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানাতে হবে। মক ভোটিং এর সময় সংশ্লিষ্ট প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং প্রতি ভোটকক্ষে ০২ জন করে পোলিং অফিসারকেও উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করতে হবে।

৫। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক ইভিএম ব্যবহারের বিষয়ে ভোটগ্রহণ কর্মকর্তা অর্থাৎ প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের ইলেকট্রনিক ভোটিং মেশিন ব্যবহারের বিষয়ে ২ দিনের নিবিড় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করা হয়েছে।

৬। **নিরাপত্তা সহকারে ইভিএম এর পরিবহন, সংরক্ষণ ও কার্যকারিতা যাচাই করাঃ** ইভিএম সমূহ ইলেক্ট্রনিক ডিভাইস। উক্ত মেশিনসমূহ সারিবদ্ধভাবে রেখে যথাযথ নিরাপত্তার সাথে পরিবহন করতে হবে। ভোটগ্রহণের পূর্বের দিন অন্যান্য নির্বাচনি মালামাল সহকারে ইভিএমসমূহ প্রিজাডিং অফিসারকে বুঝিয়ে দিতে হবে এবং প্রিজাইডিং অফিসারগণ ভোটকেন্দ্রে গিয়ে অবশ্যই EVM সমূহের কার্যকারিতা ও সঠিকতা সহকারী প্রিজাইডিং অফিসারগণ যাচাই করবেন। কোনরুপ ত্রুটি-বিচ্যুতি পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে রিটার্নিং অফিসারকে অবহিত করবেন। রিটার্নিং অফিসার নির্বাচন কমিশন সচিবালয়ের বিশেষজ্ঞগণকে অবহিত করে ত্রুটি-বিচ্যুতি সংশোধন অথবা প্রতিস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন।

৭। **ভোটগ্রহণ শুরুর পূর্বে EVM প্রদর্শনঃ** ভোটকেন্দ্রে ব্যবহারের জন্য সরবরাহকৃত ইভিএমসমূহ ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ভোটকেন্দ্রে উপস্থিত প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা নির্বাচনী এজেন্ট অথবা পোলিং এজেন্টগণকে প্রদর্শন করতে হবে এবং তাদের প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীক সঠিক আছে কিনা তা দেখাতে হবে, মক ট্রায়েল করে প্রথমে মেশিন এর শূণ্য ভোট কাউন্টিং এবং মক ভোটে প্রদত্ত ভোট সকলের সম্মুখে লিখে রেখে ফলাফল যাচাই করে এর সঠিকতা সম্পর্কে নিশ্চিত করতে হবে।

৮। **EVM যাচাইকরণঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নামের বিপরীতে ব্যালট ইউনিটে সঠিকভাবে প্রতীক সন্নিবেশিত আছে কিনা তা ভোটকেন্দ্রে পৌছে প্রিজাইডিং অফিসার যাচাই করবেন। যাচাই করে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারকে অবহিত করে সঠিক ব্যালট ইউনিট বুঝে নিতে হবে। এ বিষয়ে প্রিজাইডিং অফিসারকে ইভিএম ও অন্যান্য ফরম, প্যাকেট এবং নির্বাচনি সামগ্রী সংগ্রহের সময় ভোটকেন্দ্রের চাহিদা অনুসারে যাচাই করে তা বুঝে নিতে হবে।

৯। **EVM এর মাধ্যমে ভোটগ্রহণসহ অন্যান্য কার্যাদি সম্পাদন (ভোটগ্রহণ কর্মকর্তা কর্তৃক EVM ব্যবহার)**: ২৬ জুন , ২০১৮ তারিখ ভোটকক্ষে নিয়োজিত সহকারী প্রিজাইডিং অফিসার সকাল ৮.০০ টায় ভোটগ্রহণ শুরুর পূর্বেই ইভিএম মেশিন সেটআপ করবেন। প্রিজাইডিং অফিসার কেন্দ্রের সকল ভোটকক্ষে ব্যবহৃতব্য ভোটিং মেশিন চালু করার নিরাপত্তা PIN Code এবং Password গোপনীয় ভাবে রিটার্নিং অফিসারের দপ্তর হতে গ্রহণ, সংরক্ষণ ও সংশ্লিষ্ট সহকারী প্রিজাইডিং অফিসারকে সরবারাহ করবেন । এক্ষেত্রে Audit কার্ড প্রবেশ করিয়ে প্রিজাইডিং অফিসার/সহকারী প্রিজাইডিং অফিসার পাসওয়ার্ড/পিন প্রদান করে মেশিনের জিজ্ঞাসা অনুযায়ী আঙ্গুলের ছাপ প্রদান করে ভোটগ্রহণের জন্য মেশিন প্রস্তুত করবেন। ভোট গ্রহণ শুরুর পূর্বে মেশিনের অপর কার্ড স্লটে Polling Card প্রবেশ করাবেন। ভোটগ্রহণের জন্য মেশিন সম্পূর্ণরুপে প্রস্তুত হলে Audit কার্ডটি বের করে নিবেন। সহকারী প্রিজাইডিং অফিসার Audit কার্ড স্লটে প্রয়োজনে স্মার্ট কার্ড প্রবেশ করিয়ে ভোটার সনাক্ত করন করবেন। একজন পোলিং অফিসার

ভোটার তালিকার হার্ডকপির সাথে মিলিয়ে সনাক্তকৃত ভোটার নম্বর চিহ্নিত করবেন এবং অপর পোলিং অফিসার বৈধ ভোটারের আঙ্গুলে অমোচনীয় কালির দাগ দিয়ে দিবেন এবং সহকারী প্রিজাইডিং অফিসার ভোটারকে ইলেকট্রনিক ব্যালট ইস্যু করবেন। ভোট গ্রহণের দিন বেলা ৪.০০ টার পর ভোটগ্রহণ শেষে সংশ্লিষ্ট সহকারী প্রিজাইডিং অফিসারগণ মেশিনে পুনরায় Audit কার্ড প্রবেশ করিয়ে End Poll করে ভোট গ্রহণ কার্যক্রম শেষ করবেন। ভোটগ্রহণ শেষ করে ভোটিং মেশিনসমূহ এবং ব্যবহৃত কার্ড সমূহ ফলাফল গণনার নির্ধারিত কক্ষে নিয়ে যাবেন। অতপর প্রিজাইডিং অফিসার সকল কক্ষের Audit কার্ড এর মাধ্যমে প্রত্যেক মেশিন হতে প্রথমে Final result মুদ্রণ করে তা কেন্দ্রভিত্তিক একত্রিত করে উপস্থিত প্রার্থীগনের/প্রতিনিধিগনের নিকট উপস্থাপন করবেন এবং সরবরাহকৃত ফরম যথাযথভাবে পূরণ করে ফলাফল প্রকাশ/কপি বিতরণ এবং সকল ধাপ অনুসরন পূর্বক রিটার্নিং অফিসারের নিকট ভোটিং মেশিন, আনুষঙ্গিক যন্ত্রপাতি, অন্যান্য মালামাল সহ ফলাফল জমা দিবেন।

১০। **ব্যবহৃত বিভিন্ন ধরনের কার্ডের এবং প্রদত্ত পিন/পাসওয়ার্ডের গোপনীয়তা রক্ষাঃ** প্রতিটি ইভিএম এর জন্য ব্যবহৃত বিভিন্ন ধরণের কার্ড এবং মেশিন চালু করার পিন/পাসওয়ার্ড প্রিজাইডিং অফিসারকে সরবরাহ করা হবে। সরবরাহকৃত কার্ডসমূহ যথাযথ নিরাপত্তার সাথে ব্যবহার করতে হবে। এ সকল কার্ডের এবং পিন/পাসওয়ার্ডের যথাযথ গোপনীয়তা রক্ষা করতে হবে। ভোটগ্রহণ শেষে কার্ডসমূহ পৃথকভাবে রিটার্নিং অফিসারকে বুঝিয়ে দিতে হবে।

১১। **EVM এর মাধ্যমে ভোট প্রদানঃ** নির্দিষ্ট ভোট কেন্দ্রের ভোটারগণ ভোট প্রদানের জন্য আঙ্গুলের ছাপ/ভোটার নম্বর/জাতীয় পরিচয়পত্র নম্বর/স্মার্ট জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে নিজেকে ভোটার হিসেবে সনাক্ত করতে পারবেন। নির্দিষ্ট কেন্দ্রের নির্দিষ্ট ভোট কক্ষের ভোটারগণ সারিবদ্ধভাবে একজন একজন করে ভোটার ভেরিফিকেশনের মাধ্যমে বৈধ ভোটার হিসেবে সনাক্ত ভোটারকে সহকারী প্রিজাইডিং অফিসার ভোটিং মেশিনের মাধ্যমে গোপন কক্ষে রক্ষিত ইলেকট্রনিক ব্যালট ইউনিটে (৩টি পদের) ব্যালট ইস্যু করবেন। ব্যালট ইউনিটে ব্যালট ইস্যু করার পর ভোটার গোপন কক্ষে প্রবেশ করে তার পছন্দের প্রার্থী এবং প্রতীক দেখে তার বাম দিকের বোতামে চাপ দিয়ে সিলেক্ট করবেন এবং ঐ ব্যালট ইউনিটের সবুজ রংয়ের CONFIRM বোতাম চেপে ঐ পদের ভোট সম্পন্ন করবেন। কখনো ভুলবশতঃ কোন প্রতীক সিলেক্ট করা হলে, ঐ ব্যালট ইউনিটের লাল রংয়ের CANCEL বোতাম চেপে পরবর্তীতে যে কোন প্রার্থীকে আবার সিলেক্ট করতে পারবেন। এভাবে দুইবার CANCEL করা যাবে এবং তৃতীয়বার যেটি সিলেক্ট করা হবে সেটি চূড়ান্ত ভোট হিসেবে গৃহীত হবে। এভাবে একে একে তিনটি ব্যালট ইউনিটের মাধ্যমে ৩ পদের ভোট সম্পন্ন করতে হবে।

১২। **ভোটকক্ষ ও ভোটকেন্দ্রের ফলাফল গণনা এবং তা প্রকাশঃ** ইভিএম ব্যবহারের ক্ষেত্রে প্রত্যেক সহকারী প্রিজাইডিং অফিসার ভোটগ্রহণ শেষে প্রশিক্ষণের সময় প্রদর্শিত ও বিধিতে নির্ধারিত পদ্ধতি অনুসারে ইভিএম সমূহ প্রিজাইডিং অফিসারের নিকট জমা দিবেন। প্রিজাইডিং অফিসার সহকারী প্রিজাইডিং অফিসারগণের মাধ্যমে নির্ধারিত পদ্ধতিতে প্রত্যেকটি ইভিএমে সংরক্ষিত ফলাফল উপস্থিত প্রার্থী/তাদের নির্বাচনী এজেন্ট এবং পোলিং এজেন্টদের সম্মুখে ঘোষণা করে প্রত্যেক প্রার্থীর প্রাপ্ত ভোট ও মোট ভোট নির্ধারিত ফরমে (মেয়র পদের জন্য ফরম-E, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য 'ফরম-F' ও সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য ফরম-G) লিপিবদ্ধ করবেন এবং উল্লেখিত ফরমসমূহের অপর পৃষ্ঠায় উপস্থিত প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টগণের স্বাক্ষর গ্রহণ করবেন। স্বাক্ষরিত ফরমসমূহ প্যাকেট-১০ এ নির্ধারিত পদ্ধতিতে সংরক্ষণপূর্বক গানি ব্যাগে দিতে হবে। অতঃপর প্রিজাইডিং অফিসার মেয়র পদের জন্য নির্ধারিত 'ফরম-ঞ', সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য 'ফরম-ঞ-১' ও সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য 'ফরম-ঞ-২' তে উক্ত ভোট গণনার বিবরণী লিপিবদ্ধ করবেন এবং প্রাপ্ত ভোটের বিবরণী অবশ্যই ফরমে অংকে ও কথায় লিপিবদ্ধ করতে হবে। ভোটগণনার বিবরণী 'ফরম-ঞ', 'ফরম-ঞ-১' ও 'ফরম-ঞ-২' এর প্রয়োজনীয় সংখ্যক কপি তৈরি করে নিম্নরুপ ব্যবস্থা গ্রহণ করবেনঃ

(অ) ০২ কপি রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন;

(আ) ০১ কপি ভোটকেন্দ্রের বাইরে দর্শনীয় স্থানে টাঙ্গিয়ে দিবেন;

(ই) ০১ কপি বিশেষ খামে ডাকযোগে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করবেন;

(ঈ) ০১ কপি ইভিএম-এর ব্যালট ইউনিটের বাক্সে রাখবেন;

(উ) ০১ কপি প্যাকেট-৭ এ ঢুকিয়ে গানি ব্যাগে রাখবেন;

(ঊ) ০১ কপি নিজের কাছে রাখবেন; এবং

(ঋ) উপস্থিত সকল প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টকে কপি প্রদান করবেন।

১৩। **EVM বিষয়ক বিভিন্ন ফরমঃ** EVM এর মাধ্যমে ভোটগ্রহণ কার্যক্রমে ব্যবহারের জন্য 'ফরম A, A-1, A-2, B, C, D' এবং প্রতিটি ভোটকক্ষে প্রাপ্ত ফলাফল বিবরণী লিপিবদ্ধকরনের জন্য 'ফরম- E, F ও G' এতদসঙ্গে প্রেরণ করা হলো।

১৪। **EVM সমূহ পরিচালনার জন্য নির্বাচন কমিশনের কারিগরি দলকে লজিস্টিক সাপোর্ট প্রদানঃ** ভোটগ্রহণের দিন EVM দ্বারা ভোটগ্রহণের জন্য মেশিন স্থাপনসহ অন্যান্য ব্যবস্থা নির্বাচন কমিশনের কারিগরী দল তাদের নিজস্ব জনবল দ্বারা সম্পাদন করবে। রিটার্নিং অফিসার এজন্য তাদেরকে প্রয়োজনীয় লজিস্টিক সাপোর্ট দিবেন। ভোটগ্রহণ চলাকালে EVM মেশিনের কোন সমস্যা দেখা দিলে বা মেশিন প্রতিস্থাপনের প্রয়োজন হলেও নির্বাচন কমিশনের নিজস্ব কারিগরী দল তাদের জনবল দ্বারা তা সচল করা বা প্রতিস্থাপনের ব্যবস্থা করবেন। নির্বাচন কমিশনের কারিগরী দলের তালিকা "পরিশিষ্ট-ক" এ সংযুক্ত করা হলো।

১৫। **EVM ও নির্বাচনি মালামাল সংরক্ষণঃ** ভোটগণনা শেষে ফলাফল ঘোষণার পর সহকারী প্রিজাইডিং অফিসার ইভিএম মেশিনসমূহ এবং সংশ্লিষ্ট কার্ডসমূহ সরবরাহকৃত কার্টুনসমূহে প্রবেশ করিয়ে তাতে প্রিজাইডিং অফিসার ও প্রার্থীগণ বা প্রার্থীগণের মনোনীত নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট কর্তৃক স্বাক্ষরকৃত কাগজসহ নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত ব্রাস সিল দ্বারা সিলগালা করবেন। নির্বাচন শেষে সহকারী প্রিজাইডিং অফিসার ব্যালট ইউনিটসমূহ নির্ধারিত প্যাকেটে ঢুকিয়ে সিল গালা করবেন। প্যাকেটের উপর অবশ্যই উপস্থিত প্রার্থী/নির্বাচনি এজেন্ট/পোলিং এজেন্টদের স্বাক্ষর গ্রহণ করতে হবে। প্রিজাইডিং অফিসারকে ব্যবহৃত ভোটার তালিকা 'প্যাকেট-৭' এ, ভোটগণনার বিবরণী 'ফরম-ঞ', 'ফরম-ঞ-১' ও 'ফরম-ঞ-২' সম্বলিত সকল প্যাকেট এবং অন্যান্য নির্বাচনি সামগ্রী গানি ব্যাগে ঢুকিয়ে সিল গালাপূর্বক রিটার্নিং অফিসারের নিকট ফলাফলের সাথে জমা দিতে হবে। নির্বাচনি ফলাফল ঘোষণা শেষে EVM সিল করার পর প্রিজাইডিং অফিসার তা রিটার্নিং অফিসারের নিকট জমা দিবেন।

১৬। এ পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনা মোতাবেক

১৮/৬/২০১৮

ফরহাদ আহাম্মদ খান
যুগ্ম সচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (সেল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক :

আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল,
ও
রিটার্নিং অফিসার, গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন ২০১৮

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৭.১৭-৩৭২

তারিখ: ০৪ আষাঢ় ১৪২৫ / ১৮ জুন ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ বাংলাদেশ সচিবালয়, ঢাকা/সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১১. উপ মহাপুলিশ পরিদর্শক, ঢাকা রেঞ্জ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হলো]
১৫. জেলা প্রশাসক, গাজীপুর
১৬. পুলিশ সুপার, গাজীপুর
১৭. উপ-সচিব/পরিচালক (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. সিনিয়র মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিস্টেম এনালিস্ট (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২০. সিনিয়র/জেলা নির্বাচন কর্মকর্তা,.................................... (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, গাজীপুর
২২. উপজেলা নির্বাহী অফিসার, ...........................................(সংশ্লিষ্ট)
২৩. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................,নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১/২/বাজেট ও অর্থ/ক্রয় ও মুদ্রণ শাখা/নির্বাচন প্রশাসন/নির্বাচন সহায়তা-১ ও ২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপ-পরিচালক/মেনটেইন্যান্স ইঞ্জিনিয়ার/প্রোগ্রামার/সহকারী পরিচালক/সহকারী প্রোগ্রামার (আইসিটি ও এনআইডি অনুবিভাগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৮. উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, .........................(সংশ্লিষ্ট থানা) ও সহকারী রিটার্নিং অফিসার।

১৮-০৬-১৮

( মোঃ ফরহাদ হোসেন )
উপসচিব (চ: দা:)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৮১৭৬৭৫১৭৩
E-mail: forhadhossain_ecs@yahoo.com

## গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন-২০১৮ এ ২৬ জুন, ২০১৮ তারিখ ভোট গ্রহণের দিন দায়িত্ব পালনের জন্য গঠিত কারিগরি টিম

| কারিগরি টিম | | |
|---|---|---|
| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের নাম |
| ০১ | জনাব মুহাম্মদ আশরাফ হোসেন, সিনিয়র মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, নির্বাচনকমিশনসচিবালয়। | ১৫৪,চাপুলিয়া মডেল সঃপ্রাঃবিঃ, চাপুলিয়া (পুরুষ কেন্দ্র, ৬ টি কক্ষ) |
| ০২ | জনাব মোঃ সাব্বির আহমেদ, সহকারী পরিচালক, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট | |
| ০৩ | জনাব মোঃ আক্তারুজ্জামান, টেকনিক্যাল এক্সপার্ট, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ মাহামুদুল হাসান, সংযুক্ত,আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের নাম |
| ০১ | জনাব ফারজানা আখতার, সিস্টেম এনালিস্ট, নির্বাচনকমিশনসচিবালয়। | ১৫৫,মফিজ উদ্দিন খান উচ্চ বিদ্যালয়, চাপুলিয়া (মহিলা কেন্দ্র, ৭ টি কক্ষ) |
| ০২ | লেঃ সাজিদ জাকির, সংযুক্তকর্মকর্তা, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৩ | জনাব মোঃ শাহাবুদ্দিন, টেকনিক্যাল এক্সপার্ট, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ সোহানুর রহমান, সংযুক্ত, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের নাম |
| ০১ | জনাব এ.এইচ. এম আব্দুর রহিম খান, আইটি সিস্টেম কন্সালটেন্ট আইডিয়া প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | ১৭৪,মারিয়ালী সঃপ্রাঃবিঃ, (কেন্দ্র-১), পশ্চিম জয়দেবপুর (পুরুষ কেন্দ্র, ৫ টি কক্ষ) |
| ০২ | জনাব এ,এস,এম ইকবাল হাসান, সহকারী পরিচালক, এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | |
| ০৩ | জনাব মোঃ রুবেল, ডাটা এন্ট্রি অপারেটর,নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ লোকমান হোসেন, ডাটা এন্টি অপারেটর, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের নাম |
| ০১ | স্কোয়াড্রনলিডারএস এম মাহমুদআরাফাত, সংযুক্তকর্মকর্তা, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | ১৭৫,মারিয়ালী সঃপ্রাঃবিঃ, (কেন্দ্র-২), পশ্চিম জয়দেবপুর (মহিলা কেন্দ্র, ৬ টি কক্ষ) |
| ০২ | জনাব মোঃ আমিনুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, নির্বাচন কমিশন সচিবালয় | |
| ০৩ | জনাব মোঃ কামরুল হাসান, টেকনিক্যাল সাপোর্ট, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ সাইফুল ইসলাম, সংযুক্ত,আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০১ | জনাব মোহাম্মদ জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | ১৯১,রানী বিলাসমনি বালক উচ্চ বিদ্যালয়, (উত্তর পাশের ভবন), জয়দেবপুর (পুরুষ কেন্দ্র, ৪ টি কক্ষ) |
| ০২ | জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | |
| ০৩ | বাবু মানস দাস, ডাটা এন্ট্রি অপারেটর, নির্বাচন কমিশন সচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ হাসানুজ্জামান, সংযুক্ত,আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |

| ক্রম | কর্মকর্তা/কর্মচারীর নাম ও পদবী | দায়িত্বপ্রাপ্ত কেন্দ্রের নাম |
|---|---|---|
| ০১ | জনাব আক্তারুজ্জামান, প্রোগ্রামার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | ১৯২,রানী বিলাসমনি বালক উচ্চ বিদ্যালয়, (পশ্চিম পাশের ভবন), জয়দেবপুর (মহিলা কেন্দ্র, ৫ টি কক্ষ) |
| ০২ | জনাব ফৌজিয়া সিদ্দিক, সহকারী পরিচালক এনআইডি উইং, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা। | |
| ০৩ | জনাব সুজন হোসাইন, টেকনিক্যাল সাপোর্ট, আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |
| ০৪ | জনাব মোঃ শরীফুল ইসলাম, সংযুক্ত,আইডিয়াপ্রকল্প, নির্বাচনকমিশনসচিবালয়। | |

( মোঃ ফরহাদ হোসেন )
উপসচিব (চ: দা:)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৮১৭৬৭৫১৭৩
E-mail: forhadhossain_ecs@yahoo.com

# ফরম-'A'

## মেয়র পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীকের বিপরীতে বরাদ্ধকৃত সুইচের বিরবণী

______________ সিটি কর্পোরেশন [ ] [ ] [ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | বরাদ্দকৃত সুইচ নম্বর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

স্থান [ ]

রিটানিং অফিসারের স্বাক্ষর ও সীল

তারিখ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

## ফরম-'A-1'

## সাধারণ কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীকের বিপরীতে বরাদ্দকৃত সুইচের বিরবণী

________________ সিটি কর্পোরেশন [ ][ ][ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | বরাদ্দকৃত সুইচ নম্বর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

স্থান [ ]

রিটানিং অফিসারের স্বাক্ষর ও সীল

তারিখ [ ][ ] দিন [ ][ ] মাস [ ][ ][ ][ ] বৎসর

## ফরম-'A-2'

### সংরক্ষিত কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নাম ও প্রতীকের বিপরীতে বরাদ্দকৃত সুইচের বিবরণী

__________ সিটি কর্পোরেশন [ | | ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম | বরাদ্দকৃত প্রতীক | বরাদ্দকৃত সুইচ নম্বর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

স্থান [ ]

রিটানিং অফিসারের স্বাক্ষর ও সীল

তারিখ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

# ফরম- 'B'

## ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত কারিগরি কমিটির প্রত্যয়ণ পত্র

--------------------- সিটি কর্পোরেশন নির্বাচন

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, ------------------- সিটি কর্পোরেশন নির্বাচন-২০--- এ ব্যবহৃত ইভিএমসমূহের কার্যকারিতা পরীক্ষান্তে সঠিক পাওয়া গেছে এবং ইভিএমসমূহ নির্বাচন উপযোগী আছে। ইহা প্রত্যয়ন করা যাইতেছে যে, ইভিএম মেশিনসমূহে পূর্বে কোন ভোট প্রদান করা হয়নি।

কমিটির সদস্যগণের নাম ও স্বাক্ষর

| সদস্যের নাম | স্বাক্ষর |
|---|---|
| ১ | ২ |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |

তারিখ ☐☐ দিন ☐☐ মাস ☐☐☐☐ বৎসর

# ফরম-'C'

## প্রিজাইডিং অফিসার কর্তৃক সহকারী প্রিজাইডিং অফিসারকে ইভিএম বুঝাইয়া দেওয়ার রেকর্ড

------------------- সিটি কর্পোরেশন [ | | ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]

(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোটকেন্দ্রে ব্যবহারের নিমিত্ত নিম্নরূপে ইভিএমসমূহ বুঝাইয়া দেওয়া হইলঃ-

| ক্রমিক নম্বর | ইভিএম নম্বর | ভোটকক্ষের নম্বর | গ্রহণকারী সহকারী প্রিজাইডিং/ পোলিং অফিসারের নাম ও স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

স্থান [ ]

প্রিজাইডিং অফিসারের নাম, স্বাক্ষর ও সীল
(যদি থাকে)

তারিখ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

# ফরম-‘D’

## ইভিএম এর কার্যকারিতা সম্পর্কিত সহকারী প্রিজাইডিং অফিসারের পত্যয়ণ পত্র

-------------------- সিটি কর্পোরেশন [ ] নম্বর সাধারণ ওয়ার্ড [ ] থানা

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, [ ]

(ভোট কেন্দ্রের নম্বর ও নাম)

ভোটকেন্দ্রে [ ] নম্বর ভোটকক্ষে সরবরাহকৃত ইভিএমটির কার্যকারিতা পরীক্ষা করিয়া সঠিক পাওয়া গিয়াছে।
ইহাও প্রত্যয়ন করা যাইতেছে যে, মেশিনটিতে পূর্বে কোন ভোট প্রদান করা হয় নাই।

| ক্রমিক নম্বর | পোলিং এজেন্টের নাম | পোলিং এজেনেটের স্বাক্ষর |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

স্থান [ ]

প্রিজাইডিং অফিসারের নাম,
স্বাক্ষর ও সীল (যদি থাকে)

তারিখ [ ] দিন [ ] মাস [ ] বৎসর

## ফরম-'E'

### মেয়র পদে ভোটকক্ষ ভিত্তিক ফলাফল বিরবণী

সিটি কর্পোরেশনের নাম ...................... সাধারণ ওয়ার্ড নম্বর ........................................

উপজেলা/থানা ..........................................

ভোট কেন্দ্রের নম্বর ও নাম ঃ.................................................................................

| ক্রমিক নং | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক | ভোট কক্ষ নম্বর-১ | ভোট কক্ষ নম্বর-২ | ভোট কক্ষ নম্বর-৩ | ভোট কক্ষ নম্বর-৪ | ভোট কক্ষ নম্বর-৫ | ভোট কক্ষ নম্বর-৬ | ভোট কক্ষ নম্বর-৭ | ভোট কক্ষ নম্বর-৮ | মোট (কেন্দ্রের) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| প্রাপ্ত মোট বৈধ ভোট | | | | | | | | | | |
| ** অপ্রদত্ত (Blank) ভোট | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | |

প্রিজাইডিং অফিসারের নাম

স্বাক্ষর ও সীল

** প্রত্যেক বুথের/কক্ষের অপ্রদত্ত (Blank) ভোটের সংখ্যা প্রাপ্ত মোট বৈধ ভোটের পরেঅবশ্যাই লিপিবদ্ধ করতে হবে।

## ফরম-'F'

## সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে ভোটকক্ষ ভিত্তিক ফলাফল বিরবণী

সিটি কর্পোরেশনের নাম............................... সংরক্ষিত ওয়ার্ড নম্বর.................................

উপজেলা/থানা .........................................

ভোট কেন্দ্রের নম্বর ও নাম ঃ..................................................................................

| ক্রমিক নং | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক | ভোট কক্ষ নম্বর-১ | ভোট কক্ষ নম্বর-২ | ভোট কক্ষ নম্বর-৩ | ভোট কক্ষ নম্বর-৪ | ভোট কক্ষ নম্বর-৫ | ভোট কক্ষ নম্বর-৬ | ভোট কক্ষ নম্বর-৭ | ভোট কক্ষ নম্বর-৮ | মোট (কেন্দ্রের) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| প্রাপ্ত মোট বৈধ ভোট | | | | | | | | | | |
| ** অপ্রদত্ত (Blank) ভোট | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | |

প্রিজাইডিং অফিসারের নাম

স্বাক্ষর ও সীল

** প্রত্যেক বুথের/কক্ষের অপ্রদত্ত (Blank) ভোটের সংখ্যা প্রাপ্ত মোট বৈধ ভোটের পরেঅবশ্যই লিপিবদ্ধ করতে হবে।

## ফরম-‘G’

## সাধারণ আসনের কাউন্সিলর পদে ভোটকক্ষ ভিত্তিক ফলাফল বিরবণী

সিটি কর্পোরেশনের নাম................................ সাধারণ ওয়ার্ড নম্বর ....................................... উপজেলা/থানা ..........................................

ভোট কেন্দ্রের নম্বর ও নাম ঃ........................................................................................

| ক্রমিক নং | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীক | ভোট কক্ষ নম্বর-১ | ভোট কক্ষ নম্বর-২ | ভোট কক্ষ নম্বর-৩ | ভোট কক্ষ নম্বর-৪ | ভোট কক্ষ নম্বর-৫ | ভোট কক্ষ নম্বর-৬ | ভোট কক্ষ নম্বর-৭ | ভোট কক্ষ নম্বর-৮ | মোট (কেন্দ্রের) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| প্রাপ্ত মোট বৈধ ভোট | | | | | | | | | | |
| ** অপ্রদত্ত (Blank) ভোট | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | |

প্রিজাইডিং অফিসারের নাম

স্বাক্ষর ও সীল

**** প্রত্যেক বুথের/কক্ষের অপ্রদত্ত (Blank) ভোটের সংখ্যা প্রাপ্ত মোট বৈধ ভোটের পরেঅবশ্যই লিপিবদ্ধ করতে হবে।**

# ফরম-ঞ

## মেয়র পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী

[ ] সিটি কর্পোরেশন ওয়ার্ড নম্বর [ ]

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

মোট ভোটার সংখ্যা [ ]

ভোটগ্রহণ আরম্ভ করার সময় [ ] ভোটগ্রহণ শেষ করার সময় [ ]

ভোটগণনা আরম্ভ করার সময় [ ] ভোটগণনা শেষ করার সময় [ ]

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক | বৈধ ভোটের সংখ্যা (অংকে ও কথায়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১) প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের মোট সংখ্যা [ ]

(২) অপ্রদত্ত (Blank) ভোটের সংখ্যা [ ]

(৩) বৈধ ও অপ্রদত্ত (Blank) ভোটের মোট সংখ্যা (১+২ এর সমষ্টি) [ ]

উপস্থিত ভোটার সংখ্যা [ ] অনুপস্থিত ভোটার সংখ্যা [ ]

স্থান [ ]

তারিখ ঃ [ ] দিন [ ] মাস [ ] বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সীল

### প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টদের নাম ও স্বাক্ষর

| নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট | পিন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

## ফরম-এঃ

## মেয়র পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী

[ ] সিটি কর্পোরেশন ওয়ার্ড নম্বর [ | | ]

ভোটকেন্দ্রের নম্বর ও নাম [ ]

মোট ভোটার সংখ্যা [ ]

ভোটগ্রহণ আরম্ভ করার সময় [ ] ভোটগ্রহণ শেষ করার সময় [ ]

ভোটগণনা আরম্ভ করার সময় [ ] ভোটগণনা শেষ করার সময় [ ]

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক | বৈধ ভোটের সংখ্যা (অংকে ও কথায়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১) প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের মোট সংখ্যা [ ]

(২) অপ্রদত্ত (Blank) **ভোটের সংখ্যা** [ ]

(৩) বৈধ ও অপ্রদত্ত (Blank) ভোটের মোট সংখ্যা (১+২ এর সমষ্টি) [ ]

উপস্থিত ভোটার সংখ্যা [ ] অনুপস্থিত ভোটার সংখ্যা [ ]

স্থান [ ]

তারিখঃ [ | ] দিন [ | ] মাস [ | | | ] বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সীল

### প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টদের নাম ও স্বাক্ষর

| নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট | পিন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |

# ফরম-এঞ -১

## সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী

______ সিটি কর্পোরেশন ______ নম্বর সংরক্ষিত ওয়ার্ড ______ থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম ______

মোট ভোটার সংখ্যা ______

ভোটগ্রহণ আরম্ভ করার সময় ______ ভোটগ্রহণ শেষ করার সময় ______

ভোটগণনা আরম্ভ করার সময় ______ ভোটগণনা শেষ করার সময় ______

| ক্রমিক নম্বর | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক | বৈধ ভোটের সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১) প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের মোট সংখ্যা ______

(২) অপ্রদত্ত (Blank)ভোটের সংখ্যা ______

(৩) বৈধ ও অপ্রদত্ত (Blank) ভোটের মোট সংখ্যা (১+২ এর সমষ্টি) ______

উপস্থিত ভোটার সংখ্যা ______ অনুপস্থিত ভোটার সংখ্যা ______

স্থান ______

তারিখঃ ______ দিন ______ মাস ______ বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সীল

### প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টদের নাম ও স্বাক্ষর

| নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট | পিন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

# ফরম-এঃ -২

## সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের ভোট গণনার বিবরণী

সিটি কর্পোরেশন নম্বর সাধারণ ওয়ার্ড থানা

ভোটকেন্দ্রের নম্বর ও নাম

মোট ভোটার সংখ্যা

ভোটগ্রহণ আরম্ভ করার সময় ভোটগ্রহণ শেষ করার সময়

ভোটগণনা আরম্ভ করার সময় ভোটগণনা শেষ করার সময়

| ক্রমিক নং | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের প্রতীক | বৈধ ভোটের সংখ্যা (অংক ও কথায়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| মোট | | | |

(১) প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণ কর্তৃক প্রাপ্ত বৈধ ভোটের মোট সংখ্যা

(২) অপ্রদত্ত (Blank) **ভোটের সংখ্যা**

(৩) বৈধ ও অপ্রদত্ত (Blank) ভোটের মোট সংখ্যা (১+২ এর সমষ্টি)

উপস্থিত ভোটার সংখ্যা অনুপস্থিত ভোটার সংখ্যা

স্থান

তারিখঃ দিন মাস বৎসর

প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সীল

**প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্টদের নাম ও স্বাক্ষর**

| নাম | প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্ট/পোলিং এজেন্ট | পিন নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| | | | |
| | | | |